নতুন অভিযানে অ্যাসটেরিক্স



গল্প
গোসিনি

ছবি
ইউদেরজো

অ্যাসটেরিক্স ও ক্লিওপেট্রা

অ্যাসটেরিক্সের সর্ববৃহৎ অভিযান

ছবি আঁকার জন্য প্রয়োজন হয়েছে ১৪ লিটার চিনে কালি, ৩০ টি তুলি, ৬২ টি আঁকার পেনসিল, একটি মোটা শিসওয়ালা পেনসিল, ২৭ টি রবার। ৩৮ কিলো কাগজ, ১৬ টি টাইপরাইটারের ফিতে, ২ টি টাইপরাইটার এবং ৬৭ লিটার পানীয়

www.banglatorrents.com
@s@
AAR

নতুন অভিযানে অ্যাসটেরিক্স

অ্যাসটেরিক্স ও ক্লিওপেট্রা

গল্প : গোসিনি

ছবি : ইউদেরজো

www.banglatorrents.com
@
AAR

যিশুর জন্মের ৫০ বছর আগে। সমস্ত গল দেশ রোমের অধীনে...ঠিক সবটা নয়, এক ছোট্ট গ্রাম এখনও অদম্য। সেই গ্রামের বীর বাসিন্দারা এখনও ঠেকিয়ে রেখেছে বিদেশি আক্রমণকারীদের। গ্রামের কাছাকাছি চারটি রোমান সেনাশিবির : পেতিবোনাম, বাবাওরাম, অ্যাকোয়েরিয়াম ও লোডানাম। শিবির চারটিতে যে রোমান সেনারা বাস করে, তাদের জীবন খুব একটা শান্তিপূর্ণ নয়...

www.banglatorrents.com
@s@
AAR

গলের কয়েকজন অধিবাসী

অ্যাসটেরিক্স, এই রোমাঞ্চকর গল্পগুলির নায়ক। এই ছোটখাটো যোদ্ধার যেমন বুদ্ধি, তেমনই সাহস। বিপজ্জনক সব কাজের দায়িত্বই ওকে নির্দ্বিধায় দেওয়া যায়। অ্যাসটেরিক্সের আছে অতিমানবিক শক্তি, যার উৎস পুরোহিত এটাসেটামিক্সের জাদু-পানীয়ের পাত্র...



ওবেলিক্স, অ্যাসটেরিক্সের প্রাণের বন্ধু। 'মেনহির' নামে এক ধরনের স্মারকশিলা বাড়ি বাড়ি পৌঁছে দেওয়া এর পেশা, বুনো শুয়োরের 'রোস্ট' খাওয়া এর নেশা। যে কোনও সময় সব কাজ ফেলে ওবেলিক্স বেরোতে পারে বন্ধুর সঙ্গে নতুন অভিযানে, শুধু চাই বুনো শুয়োরের রোস্ট ও শত্রুকে উত্তমমধ্যম দেওয়ার সুযোগ...



এটাসেটামিক্স। গ্রামের খুব মান্য পুরোহিত। গাছগাছড়া থেকে তৈরি করেন নানারকম পানীয়। এর মধ্যে শ্রেষ্ঠ হচ্ছে তাঁর নিজস্ব এক জাদু-শরবত। গলায় ঢাললে শরীরে আসে অতিমানবিক শক্তি। এ ছাড়াও এটাসেটামিক্স জানেন নানা রকম গোপন কৌশল...

www.banglatorrents.com
@s@
AAR

কলরবিক্স। চারণকবি। এঁর সঙ্গীতপ্রতিভা সম্বন্ধে নানাজনের নানা মত। এঁর নিজের বিশ্বাস, ইনি অসামান্য প্রতিভাবান। অন্যেরা ভাবে ঠিক উলটো। অবশ্য গান টান না গাইলে, কিংবা মুখ না খুললে এঁর মত বন্ধু কমই আছে...

এবং বিশালাকৃতিক্স। গ্রামের মহামান্য প্রধান। রাজসিক, সাহসী, রগ চটা ও অভিজ্ঞ যোদ্ধা। প্রজারা যেমন শ্রদ্ধা করে, শত্রুরা তেমনই ভয় করে। এঁর একটাই ভয়, আগামীকাল মাথায় না আকাশ ভেঙে পড়ে...তবে নিজেই আবার বলেন, 'আগামীকাল কখনও আসে না।'

ঘটনার শুরু মিশরের রাজধানী আলেকজান্দ্রিয়ায়। রানি ক্লিওপেট্রার প্রাসাদে। সেই রানি ক্লিওপেট্রা, যাঁর নাক একটু চাপা হলে দুনিয়ার চেহারাই বদলে যেত বলে মনে করা হয়...
ওহে সিজার! আমাদের বদনাম করার সাহস তোমার হয় কী করে?
ব্যাপারটা যুক্তি দিয়ে বোঝো মহারানি। তোমার প্রজারা অবনতির শেষ সীমায়। রোমের অধীনে ক্রীতদাসের মতো বাঁচা ছাড়া উপায় নেই!
ভুলো না সিজার, আমার প্রজারাই পিরামিড নির্মাণ করেছে। মন্দির, ওবেলিস্ক-সবই...
ওসব বস্তাপচা ব্যাপার। নিল নদের বন্যার জন্য অপেক্ষা করা ছাড়া তোমরা ইদানীং আর কিছু পারো না..
চোপ!
ঝনাত!
আমি তোমাকে দেখাব। সিজার, তিন মাসের মধ্যে এই এখানে আমি তোমার জন্য এক বিলাসবহুল প্রাসাদ তৈরি করিয়ে দেব!
বেশ! যদি তা পারো, আমি স্বীকার করে নেব, যা বলেছি সব ভুল, মিশরের মানুষ আজও মহান!
...কিন্তু তুমি পারবে না!
মিষ্টি মেয়ে, কিন্তু একটুতেই চটে যায়...
কড়াত
তবে নাকটা ওর দারুণ উঁচু!
www.banglatorrents.com
@s@
AAR

কিছুক্ষণ পর...
বিজ্ঞপ্তি : পাঠকদের সুবিধের জন্য আমরা কথাবার্তা ডাব করে দিচ্ছি...
অট্টালিস, তোমাকে ডেকেছি, কেন না তুমি এদেশের সেরা স্থপতি।
ও !*
*ঠোঁটের নড়াচড়ার সঙ্গে কথা মিলছে না, কারণ সেই সময় ডাবিং বিশেষ উন্নত হয়নি।
তোমার তৈরি বাড়িগুলো নড়বড়ে। যখন-তখন ভেঙে পড়ে ! সবই শুনতে পাই...
সে তো আধুনিক মালমশলার জন্য। আর আমার ইচ্ছে পিরামিড বানাব...
চোপ্ ! ভাল চাও তো তিন মাসের মধ্যে এই আলেকজান্দ্রিয়ায় জুলিয়াস সিজারের জন্য একটা প্রাসাদ গড়ে দাও !
তিন মাস ?
পারলে সোনা দিয়ে ঢেকে দেব, না পারলে কুমিরের মুখে ছুড়ে ফেলব। যাও !
মাত্র তিন মাস... কোনও জাদুকরই শুধু তা পারবে...
বেঁচে গেছি ! আমি এক জাদুকরকে চিনি !
চটাস
দূরে, গলের এক ছোট্ট গ্রামে...
তিন ছয়* ! এ তো ম্যাজিক !
ম্যাজিকই বটে !
ধুত ! রোমানদের খেলা খেলে কী যে আনন্দ পাও !
*জেতার চাল

www.banglatorrents.com
@s@
AAR

আমি সঙ্গে নৌকো এনেছি, সমুদ্রতীরে নোঙর করা আছে।
কিছু জিনিস গুছিয়ে নিই, তার পরেই আমরা রওনা হব।
আয় গোঁয়ার্তুমিক্স, মিশরে যাই!
ওকেও নিয়ে যাচ্ছে না কি?
নিলে ক্ষতিটা কী শুনি?
ও এখনও ছোট, এত দীর্ঘ যাত্রা সহ্য হবে না—ক্ষতি এই, বুদ্ধুরাম!
তার ওপর, মিশর হল বেড়ালের দেশ, পোঁটলাপুঁটলি বাঁধো। ওকে নিয়ে যাওয়া চলবে না।
চলবে না! বললেই হল! সবসময় হুকুম! আমি যেন মানুষই নই!
একটু পরে...
তোমরা নিল নদের দেশে গলের প্রতিনিধি। আমাদের সম্মান রক্ষা কোরো আর মাথায় যেন আকাশ ভেঙে না পড়ে!
ধন্যবাদ ও বিদায়, দলপতি বিশালাকৃতিক্স!
আই!
অ্যাই
অ্যাঁ!
না, না, গান নয়। মুখ বন্ধ রাখো।
গুম গুম গুম
কিন্তু আমি গাইতে চাইনি... বলছিলাম, ও আমার পায়ের ওপর দাঁড়িয়ে আছে।
পরে...
ভৌ!
?
আমি ভৌ করেছি। কথা বলতে দিচ্ছ না, তাই ভৌ করছি।
থাক মাথামোটা। কুতুয়াকে এবার ঝোলা থেকে বের করো।
ওই আমার বজরা!

এবার যাত্রা শুরু করব, পাল তোলা হোক !
সত্যি বলছি, অ্যাসটোরিক্স, ও কী করে আমার কোলায় ঢুকল বুঝতে পারছি না !
ও, তাই নাকি ? সে তো ভারী আশ্চয্যি !
বন্ধুদের বজরা এগিয়ে চলল মিশরের দিকে...
মিশরে আমাদের বহু লড়াই করতে হবে। শ্রমিক-সমস্যা আছে, সময়ও কম, রোমানরা চাইবে আমাদের বাধা দিতে যাতে রানি বাজি না জেতেন...
...কিন্তু সবার ওপরে আছে ভেজালোদিস, সে আমার প্রতিদ্বন্দ্বী। হিংসে করে, কিন্তু ওর প্রচুর ট্যালেন্ট...
মানে, প্রতিভা ?
না, না ! ট্যালেন্ট— মিশরীয় মুদ্রা। ও খুব বড়লোক।
এ ছাড়া, যাত্রাপথে জলদস্যুর ভয় তো আছেই।
জলদস্যুদের ভার আমাদের দেওয়া হোক, কী বলো ওবেলিক্স ?
একটু দূরে...
ভাইসব, এই জাহাজ কিনতে ছেলেকে বন্ধক রাখতে হয়েছে। খুব সাবধানে কাজ করে চটপট দেনা চুকিয়ে দিতে হবে। সেই দুই গলকে এড়িয়ে চলব।
মিশরীয় জাহাজ আ-স-ছে
চমৎকার ! ভাগ্য ফিরে যাবে আমার এবার। সবাই অস্ত্র হাতে নাও !
www.banglatorrents.com

দিশারী কী বলছে ?
বলছে, জলদস্যু এদিকেই আসছে।
সত্যি ? আবার বলো ?!
ওই আসছে ! ই-য়ো-হো !
ই-য়ো-হো !
অ্যাঁ ! এ কী দেখছি ! এ সত্যি হতে পারে না !
সেই দুই গল ! পালাও !
পালাতে পারব না। সর্দার ! ওরা খুব তাড়াতাড়ি এগোচ্ছে।
জাহাজ ভেঙে দাও। এখুনি ! তাতে অন্তত পিটুনি খেতে হবে না।
পরে...
যেখানে বাঘের ভয়, সেখানেই সন্ধে হয়। এই তো ব্যাপার।
ফের কথা কইলে জলে ফেলে দেব !!!
বিশ্বাসঘাতক ! বদ ! আর তোদের সঙ্গে খেলব না !!!
অবিশ্বাস্য ! তোমাদের দেখে সোজা নিজেদের জাহাজ ডুবিয়ে দিল !
ওই জলদস্যুদের সঙ্গে আমাদের অনেক দিনের পরিচয় কিনা।
দীর্ঘ যাত্রার শেষে...
ওই আলোটা কীসের, অট্টালিস ভাই ?
ওটা ফারোজের বাতিঘরের আলো। জাহাজকে পথ দেখায়।
কাল আমরা আলেকজান্দ্রিয়ায় পৌঁছব।
বাতিঘর ? এদের মাথায় গণ্ডগোল !
এ যে বিশ্বের এক মহাবিস্ময়, ওবেলিক্স !

www.banglatorrents.com

আমার বাড়িতে চলো...
এই তোমার বাড়ি ?!!!
হ্যাঁ, আমি নিজেই তৈরি করেছি...
দরজাটা একটু কোনাচে। হিসেবে ভুল করে ফেলেছিলাম।
দাঁড়াও, খুলে দিচ্ছি...
কড়াত!
না ! না !
রাগ কোরো না। এতেই বেশি সুবিধে হবে...
সিঁড়িটা সাবধানে।
মনে হচ্ছে, তোমার সত্যিই সাহায্য দরকার, অট্টালিস।
এই কাজের ঘর। এই হল অক্ষরিস, আমার সেক্রেটারি। ও তোমাদের ভাষায় কথা বলতে পারে। তা ছাড়া লাতিন, গ্রিক, কেলটিক-সবই জানে...
কাজটা কেমন, অক্ষরিস ?
ভাল, আরামেই আছি...
সেক্রেটারির কাজ কোথায় শিখলে ?
ডাকযোগে। খুব নামকরা এক সংস্থা থেকে...
ওরা বলত, যে আঁকতে পারে, সে লিখতেও পারে।

www.banglacomics.com